# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.09.2024** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) ঝাড়খন্ডকে বাঁচাতে ডিভিসি মাত্রাতিরিক্ত জল ছাড়ার ফলেই পুজোর মুখে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

নিজের ব্যর্থতা আড়াল করতে মুখ্যমন্ত্রীর এটা পুরনো কৌশল, দাবি বিরোধী দলনেতার।

২) বীরভূমের লাভপুরে বন্যা পরিস্থিতি দেখতে গিয়ে স্পীড বোট উল্টে বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন দুই সাংসদ, বিধায়ক এবং জেলাশাসক।

৩) দেশে এক সঙ্গে লোকসভা ও বিধানসভা নির্বাচন এবং তার ১-শো দিনের মধ্যে পুরসভা ও পঞ্চায়েত নির্বাচন করানোর জন্য উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ, সরকার গ্রহণ করেছে।

বিজেপি একে স্বাগত জানিয়েছে। সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস।

৪) একাধিক দাবি নিয়ে মুখ্য সচিব ও টাস্কফোর্সের সঙ্গে কিছুক্ষণের মধ্যে বৈঠকে বসছেন জুনিয়ার ডাক্তাররা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডিভিসি মাত্রাতিরিক্ত জল ছাড়ার ফলেই পুজোর মুখে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। হুগলীর পুরশুড়া এবং পশ্চিম মেদিনীপুরের ঘাটালের রানীর বাজারের প্লাবিত এলাকা আজ সরেজমিনে ঘুরে দেখার পর সাংবাদিকদের তিনি বলেন ডিভিসি ৩ লক্ষ কিউসেক হারে জল ছেড়েছে। বারবার তিনি কথা বলেছেন, ডিভিসি কর্তৃপক্ষ এবং ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে। কিন্তু তার পরেও নিজেদের রাজ্যকে বাঁচাতে বাংলাকে ডুবিয়ে দেওয়া হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী/পুড়শুড়া)

এদিন দুপুরে হাওড় হয়ে হুগলীতে পৌঁছন মুখ্যমন্ত্রী। পুড়শুড়া যাওয়ার পথে একটি সেতুর ওপর বানভাসি মানুষদের দেখতে পেয়ে গাড়ি থামান। কথা বলেন তাদের সঙ্গে। ডিভিসি-র বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তিনি। পুড়শুড়া থেকে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল রওনা হওয়ার আগে কামারপুকুরে গিয়ে শ্রীরামকৃষ্ণের জন্মভিটায় তিনি শ্রদ্ধা জানান।

পশ্চিম মেদিনীপুর থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, প্লাবিত এলাকা দেখে ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী বলেন, বাংলার সঙ্গে বঞ্চনা করা হচ্ছে। এই বন্যা মানুষের তৈরি। সঙ্গে ছিলেন জেলাশাসক, পুলিশ সুপার, জেলা সভাধিপতি এবং অন্যান্য আধিকারিক।

(বাইট – মুখ্যমন্ত্রী/ঘাটাল)

মেদিনীপুর সার্কিট হাউসে মুখ্যমন্ত্রী আজ রাত্রিবাস করবেন। আগামীকাল তিনি পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ায় যাবেন বলে এক্স হ্যান্ডেলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

এদিকে, দুর্গাপুর ব্যারেজ থেকে এখন ২ লক্ষ ১৮ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। রাতের দিকে এই পরিমাণ আরও কমবে বলে জানা গেছে। নিম্নচাপের বৃষ্টি এবং ডিভিসি ছাড়া জলে ফুলে ফেঁপে উঠেছে দামোদর নদ। নীচু এলাকাগুলি জলমগ্ন। অনেক বাড়িতে জল ঢুকেছে। বিস্তীর্ণ এলাকার চাষের জমি জলের তলায়। নষ্ট হয়েছে সবজি চাষ। বেরু গ্রামের বলরামপুরের রিং বাঁধ ভেঙে হু হু করে জল ঢুকছে।

হাওড়ার আমতা দু-নম্বর ব্লক ও উদয়নারায়ণপুরেও দামোদরের জলে বানভাসী হয়েছেন বহু মানুষ। জল ঢুকেছে ৮-টি গ্রাম পঞ্চায়েতে। উদয়নারায়ণপুরে ৬৮, আমতায় ১০ ও বাগনান ১ নম্বর ব্লকে 4-টি ত্রাণ শিবির খোলা হয়েছে। উদ্ধার ও ত্রাণের কাজে নিযুক্ত রয়েছে এন ডি আর এফ ও এস ডি আর এফ-এর দল। জল মগ্ন উদয়নারায়ণপুর – ডিহিভুরসুট রাজ্য সড়ক।

বাঁকুড়া জেলার বড়জোড়া, সোনামুখির মানাচর এলাকার বিস্তীর্ণ অংশও প্লাবিত। দামোদরের জলে ভেসে গেছে দু'শোরও বেশি বাড়ি। বড় মানা, সাহা মানা এলাকায় বিঘার পর বিঘা চাষ জমি জলের তলায়।

oooooooooooooooooooo

বীরভূমের লাভপুরে বন্যা পরিস্থিতি দেখতে গিয়ে বড়সড় দুর্ঘটনার হাত থেকে বাঁচলেন দুই সাংসদ, বিধায়ক এবং জেলাশাসক। আজ বিকেলে স্পিডবোটে বন্যা পরিস্থিতি পরিদর্শনের সময় উল্টে যায় তাঁদের স্পিডবোট। তাতে ছিলেন রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম, বোলপুরের সাংসদ অসিত মাল, লাভপুরের বিধায়ক অভিজিৎ

সিংহ, বীরভূমের জেলাশাসক বিধান রায় ও আরও কয়েকজন। তড়িঘড়ি স্থানীয়দের সহযোগিতায় তাদের জল থেকে উদ্ধার করা হয়।

oooooooooooooooooo

নিজের ব্যর্থতা আড়াল করতে মুখ্যমন্ত্রী পুরনো কৌশলের পুনরাবৃত্তি করছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেছেন, প্রতিবছর মুখ্যমন্ত্রী ম্যান মেড বন্যা শব্দবন্ধের ব্যবহার এবং পশ্চিমবঙ্গে বন্যার জন্য কেন্দ্রীয় ও ঝাড়খণ্ড সরকার এবং ডিভিসিকে দায়ী করেন। মানুষ মুখ্যমন্ত্রীর এই বক্তব্য শুনে শুনে ক্লান্ত।

শুভেন্দুর দাবি, মুখ্যমন্ত্রী এবং সেচ ও জলপথ দপ্তর পুরোপুরি ব্যর্থ। বর্ষার আগে কোনো প্রতিরোধ বা সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয় না। প্রতিবার বর্ধমান, বাঁকুড়া, হুগলি, হাওড়া,পশ্চিম এবং পূর্ব মেদিনীপুর প্লাবিত হয়। মুখ্যমন্ত্রী এই প্রাকৃতিক বিপর্যয়কে কনভয় নিয়ে ঘটনাস্থলে পৌঁছানো ফটো তোলা এবং নিজের ব্যর্থতা আড়াল করতে অন্যদের দোষারোপ করার সুযোগ হিসাবে ব্যবহার করেন।

oooooooooooooooooo

রাজ্যের বন্যা পরিস্থিতি দিনের পর দিন খারাপ হচ্ছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মনে করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে আজ তিনি বলেন, রাজ্যের বন্যা পরিস্থিতি জানা সত্ত্বেও যে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার প্রয়োজন সেদিক রাজ্য সরকারের নজর নেই। বন্যা ও নদী ভাঙ্গন নিয়ে কোন দীর্ঘস্থায়ী পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা তা তাঁর জানা নেই বলেও অধীর বাবু মন্তব্য করেন।

oooooooooooooooooooooo

দেশে এক সঙ্গে লোকসভা ও বিধানসভা নির্বাচন এবং তার ১-শো দিনের মধ্যে পুরসভা ও পঞ্চায়েত নির্বাচন করানোর জন্য উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ, সরকার গ্রহণ করেছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে ওই কমিটি রাজনৈতিক দল ও বিশেষজ্ঞ সহ সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। আজ কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, দুটি পর্যায়ে সারা দেশে নির্বাচন হবে। প্রথম দফায় এক সঙ্গে হবে লোকসভা ও বিধানসভা নির্বাচন। তার ১-শো দিনের মধ্যে পঞ্চায়েত ও পুরসভার ভোট করানো হবে।

বিজেপি, কেন্দ্রীয় মন্ত্রিসভার এক দেশ, এক নির্বাচনের সুপারিশ গ্রহণকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য এক ভিডিও বার্তায় এই ঐতিহাসিক সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। রামনাথ কোবিন্দের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooo

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত প্রস্তাবটি আজ কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদন পাওয়ায় তৃণমূল কংগ্রেস তার সমালোচনা করেছে। দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ান- একে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও অমিত শাহ্-র আরও একটি ভাঁওতা আখ্যা দিয়েছেন। তৃণমূল প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই প্রস্তাবের বিরোধিতা করে গত এগারো-ই জানুয়ারি উচ্চ পর্যায়ের কমিটির সচিব ডক্টর নীতিন চন্দ্রকে যে চিঠি দিয়েছিলেন তার প্রতিলিপি এক্স হ্যান্ডেলে পোস্ট করেছেন তিনি। কেন্দ্রের প্রস্তাবের সঙ্গে তিনি যে সহমত নন সেকথা মুখ্যমন্ত্রী আগেই চিঠিতে উল্লেখ করেছিলেন।

oooooooooooooooooooooo

আন্দোলনকারীদের দাবি মেনে রাজ্য সরকার একাধিক পুলিশ ও স্বাস্থ্য কর্তাকে সরিয়ে দিলেও কর্ম বিরতি চালিয়ে যাচ্ছেন জুনিয়ার ডাক্তাররা। আন্দোলনের আজ ৪০-তম দিন। মেডিকেল কলেজগুলিতে হুমকি সংস্কৃতি বন্ধ ও গণতান্ত্রিক পরিসরকে বিস্তৃত করা, রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশনগুলিকে স্বীকৃতি ও প্রতিটি মেডিকেল কলেজে ছাত্র ইউনিয়নের নির্বাচন করানোর দাবি নিয়ে মুখ্য সচিব ও টাস্কফোর্সের সঙ্গে কিছুক্ষণের মধ্যে বৈঠকে বসছেন জুনিয়ার ডাক্তাররা। এই আলোচনা চেয়ে তাদের তরফে মুখ্য সচিবকে আজ ই-মেল পাঠানো হয়। জবাবী মেলে সন্ধে সাড়ে ৬-টায় নবান্ন সভাঘরে তাঁদের বৈঠকে ডাকেন মুখ্য সচিব ।

বৈঠকে বসার আগে আন্দোলনকারী চিকিৎসকদের তরফে দেবাশিষ হালদার তাদের দাবিগুলি সাংবাদিকদের সামনে তুলে ধরেন।

(বাইট – দেবাশিষ হালদার।

এদিকে, মালদা মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা গণতান্ত্রিক পদ্ধতিতে অরাজনৈতিক স্টুডেন্ট কাউন্সিল এবং রেসিডেন্ট ডক্টর অ্যাসোসিয়েশনের দাবিতে আজ অধ্যক্ষ পার্থ প্রতীম মুখোপাধ্যয় ও এম এস ভি পি প্রসেনজিৎ বর-এর অফিসের সামনে ধর্না অবস্থানে বসেন। তাদের অভিযোগ, তৃণমূল কংগ্রেস এতোদিন অবৈধভাবে স্টুডেন্ট কাউন্সিল পরিচালনা করে এসেছে। তাঁরা চান, হাসপাতালে গণতান্ত্রিক পরিবেশ ফিরে আসুক।

অন্যদিকে, চিকিৎসক, নার্স, পড়ুয়া এবং রোগীদের সুরক্ষায় কামারহাটির সাগর দত্ত মেডিকেল কলেজ হাসপাতালে আজ পুলিশের একটি আউট পোস্ট চালু হলো। এর সূচনা করেন ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া।

oooooooooooooooooooo

আরজিকর কান্ডের প্রতিবাদে এবং নারী সুরক্ষার দাবিতে রাজ্য জুড়ে গণ আন্দোলনের মধ্যেই মহিলাদের নিয়ে মন্ত্রী স্বপন দেবনাথের মন্তব্যে বিতর্কের সৃষ্টি হয়েছে। কালনার নতুন বাসস্ট্যান্ড এলাকায় এক অনুষ্ঠানে মন্ত্রী বলেন, আরজি কর নিয়ে প্রতিবাদে রাত দখলের আন্দোলনকারীদেরই শুধু পাহারা দিতে হচ্ছে এমন নয়, গভীর রাতে হোটেলে মদ খেতে যাওয়া মহিলাদেরও পাহারা দিতে হচ্ছে। কোনও অঘটন থেকে তাদের রক্ষা করতে হোটেলওয়ালাকে গিয়ে বলতে হয়েছে মহিলাদের মদ না দিতে। তাঁর কথায়, রাত ২ টোর সময় মিছিল করার মত পরিবেশ আছে বলেই তা করতে পারছেন মেয়েরা। বৃষ্টির মধ্যে রবিবার রাত দুটোয় ২ টি ছেলে ও একটি মেয়েকে মদ্যপান করতে দেখার উল্লেখ করে মন্ত্রী বলেন, মদ্যপ অবস্থায় মেয়েটির কিছু হয়ে গেলে, তাদেরই দায়ী করা হতো। রাত দুটোর সময় মেয়ে কোথায় আছে, তার খোঁজ বাবা মার রাখা উচিত বলেও মন্তব্য করেন তিনি।
তাঁর এই বক্তব্যকে নীতি পুলিশী আখ্যা দিয়ে সমালোচনায় সরব হয়েছে বিভিন্ন মহল।

oooooooooooooooooooo

“স্বচ্ছতা ই সেবা” কর্মসূচির অধীনে পূর্ব রেলের মালদা ডিভিশন আজ মালদা রেলওয়ে হাসপাতালে সাফাই মিত্র সুরক্ষা অভিযানের আয়োজন করে। এই উদ্যোগের লক্ষ্য ছিল, সাফাই কর্মীদের সুরক্ষা এবং স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা, যাতে তাঁরা কাজ করার সময় নিরাপদ ও সুস্থ থাকতে পারেন। ৫০ জনের বেশি সাফাই কর্মীর মধ্যে সুরক্ষা কিট বিতরণ করা হয়।

উপস্থিত ছিলেন ডিআরএম মনীষ কুমার গুপ্ত এবং চিফ সিএমএস অনুপা ঘোষ। সাফাই কর্মীদের সঙ্গে কথা বলেন ডিআরএম। পরিচ্ছন্নতা বজায় রেখে কিভাবে কাজ করতে হবে সেই বিষয়ে তাঁদের অবহিত করা হয়।

oooooooooooooooooooo

মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-এর গ্রুপ লিগ ম্যাচে, তাজিকিস্তানের এফ সি রাভেশানের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূন্য।

oooooooooooooooooooo